গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২১.৩২২

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

বিষয়: **২০২১-২২ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র ২০২১-২০২২ অর্থবছরের **বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৭** এর ১.১ সূচকে উল্লিখিত '**সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি**'-র ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

৩১-৩-২০২২
জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার
ফোন: ০৭২১-৭৭২২৩৩
ফ্যাক্স: ০৭২১-৭৭২৫২৯
ইমেইল: divcomrajshahi@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

## সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মো: জিয়াউল হক<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী |
| সভার তারিখ | ২৩/০৩/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণের নিমিত্ত গঠিত কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল কার্যক্রম এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) তে অন্তর্ভূক্ত রয়েছে। মূলত এ কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করবে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সভায় কার্যপত্র অনুসারে নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১.</td><td>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন : গত ২৮/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়।</td><td>গত ২৮/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।</td><td>সহকারী কমিশনার, সাধারণ শাখা, এ কার্যালয়</td></tr>
<tr><td>০২.</td><td>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার : গত ২৮/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরুপ :
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নের হার</th></tr>
<tr><td>নভেম্বর, ২০২১</td><td>৫</td><td>৫</td><td>১০০%</td></tr>
</table></td><td>শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকতে হবে।</td><td>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৩. | **শাখা ভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা:** এ কার্যালয়ের প্রতিটি শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করে দেখা যায় যে, বিভিন্ন নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীন সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হচ্ছে। তবে হিসাব শাখা হতে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর পেনশন মঞ্জুরী ১০ কার্যদিবসের মধ্যে সম্পন্নের প্রতিশ্রুতি থাকলেও অনেকক্ষেত্রে প্রতিপালন করা সম্ভব হচ্ছে না । হিসাব শাখার সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায়, অধিকাংশ ক্ষেত্রেই প্রতিশ্রুত সময়ের মধ্যে পেনশন মঞ্জুর করা হয় । তবে দুই-একটি ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর তথ্যে অসামঞ্জস্যতা থাকলে পেনশন মঞ্জুরে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয় । | এ কার্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পেনশন আবেদন সর্বোচ্চ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির সুপারিশ করা হলো । | সহকারী কমিশনার (হিসাব ও নেজারত শাখা) এ কার্যালয় |
| ০৪. | **য়েব পোর্টাল হালনাগাদকরণ:** সভায় আলোচনা করা হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) এর সংযোজনী ০৭ এ ১.২ সূচকে সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে উল্লেখ আছে। এ বিষয়ে সকল ভারপাপ্ত কর্মকর্তার অবগত থাকা প্রয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে এ কার্যালয়ের সাধারণ শাখায় প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন। | প্রতিটি শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সাধারণ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল) এ কার্যালয় |
| ০৫. | **অবহিতকরণ সভা আয়োজন:** সভায় আলোচনা করা হয় যে, এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে অংশীজনদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) তে উল্লেখ আছে । এ সভা আয়োজনের মাধ্যমে এ কার্যালয়ের সেবা প্রদান সম্পর্কে অংশীজনদের মতামত পাওয়া যায় যা সেবার মান বৃদ্ধিতে সহায়ক। এজন্য ত্রৈমাসিক ভিত্তিতে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি চলমান রাখা প্রয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে অবহিতকরণ সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) |
| ০৬ | **সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কার্যক্রম পরিচালনা :** সভাপতি বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি (agreement) যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। এই সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনায়ন করে। এছাড়া সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি করা, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে সিটিজেন চার্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এজন্য সকল শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকা প্রয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিচালনার সুপারিশ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল) এ কার্যালয় |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: জিয়াউল হক
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক),
রাজশাহী

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৪.২৫.০০৭.২১.১৬৬ তারিখ: ১৩ চৈত্র ১৪২৮

২৭ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৪) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব/সিনিয়র সহকারী/সহকারী কমিশনার(মাঠ প্রশাসন/সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়।

অভিজিত সরকার
সহকারী কমিশনার

## ২০২১-২২ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন


বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা গত ২৩/০৩/২০২২ তারিখে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। কমিটির সদস্যবৃন্দ এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক কতগুলো সুপারিশ প্রদান করেন । গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে জরুরিভিত্তিতে উক্ত সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে পরিবীক্ষণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপ :

<u>সুপারিশ ০১।</u> এ কার্যালয়ের শাখা ভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় দেখা যায় যে, অধিকাংশ কার্যক্রমই সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সম্পাদিত হচ্ছে। তবে হিসাব শাখা হতে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পেনশন মঞ্জুরী ১০ কার্যদিবসের মধ্যে সম্পন্নের প্রতিশ্রুতি থাকলেও অনেকক্ষেত্রে প্রতিপালন করা সম্ভব হচ্ছে না। হিসাব শাখার সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ ক্ষেত্রেই প্রতিশ্রুত সময়ের মধ্যে পেনশন মঞ্জুর করা হয়। তবে দুই-একটি ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর তথ্যে অসামঞ্জস্যতা থাকলে পেনশন মঞ্জুরে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পেনশন আবেদন ১০ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির সুপারিশ প্রদান করা হয়।

<u>পর্যালোচনা</u> : সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সেবা প্রদান অব্যাহত আছে। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পেনশন আবেদন ১০ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

<u>সুপারিশ ০২।</u> এ কার্যালয়ের প্রতিটি শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সাধারণ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

<u>পর্যালোচনা</u> : সুপারিশ মোতাবেক এ কার্যালয়ের সকল শাখার হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি পাওয়া যায় এবং ওয়েবসাইটে আপলোড করা হয়।




বিভাগীয় কমিশনার কার্যালয়ের শাখা ভিত্তিক সিটিজেন চার্টার

| ক্রমিক নং | বিবরণ | তারিখ | ডাউনলোড |
|---|---|---|---|
| ৩ | বিভাগীয় কমিশনার কার্যালয়ের শাখা ভিত্তিক সিটিজেন চার্টার ২০২১-২০২২ (৩য় কোয়ার্টার) | ২৮.০৩.২২ | PDF |
| ২ | বিভাগীয় কমিশনার কার্যালয়ের শাখা ভিত্তিক সিটিজেন চার্টার ২০২১-২০২২ (২য় কোয়ার্টার) | ২৩.১২.২১ | PDF |
| ১ | বিভাগীয় কমিশনার কার্যালয়ের শাখা ভিত্তিক সিটিজেন চার্টার ২০২১-২০২২ (১ম কোয়ার্টার) | | PDF |

**<u>সুপারিশ ০৩।</u>** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে অবহিতকরণ সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

**<u>পর্যালোচনা</u>** : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা গত ২০/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে (কার্যবিবরণী ও ছবি সংযুক্ত)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
মাঠ প্রশাসন শাখা

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২০/০৩/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.৩০ টা |
| স্থান | ভার্চুয়াল প্লাটফর্ম (জুম) এ অনুষ্ঠিত |
| উপস্থিতি | ... |

সভাপতি সভার শুরুতে ভার্চুয়াল প্লাটফর্ম (জুম)-এ সংযুক্ত এবং সম্মেলনকক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৭ এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের উদ্দেশ্য রয়েছে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charters) অনুযায়ী এ দপ্তর থেকে প্রাপ্ত সেবা সম্পর্কে এবং প্রদত্ত সেবার মান কিভাবে বাড়ানো যায় সে বিষয়ে সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন।

১। উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ এর প্রতিনিধি বলেন যে, উপ-মহা পুলিশ পরিদর্শকের কার্যালয় রাজশাহীতে তথ্য অধিকার আইন,২০০৯ অনুযায়ী একজন তথ্য প্রদানকারী কর্মকর্তা আছেন। সাধারণ জনগণ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী রেঞ্জ ডিআইজির কার্যালয় সংশ্লিষ্ট যে কোন তথ্য চাইলে তা সরবরাহ করা হয়। তিনি আরো উল্লেখ করেন যে, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সিটিজেন চার্টার স্থাপন করা আছে। এছাড়া ওয়েবপোর্টালে NIS. GRS সহ সকল তথ্য সেবা বক্স হালনাগাদ আছে। অনেকে এ বিষয়ে অবগত না থাকার কারণে অনেক সময় বিভ্রান্তিতে পড়েন এবং অকারণে হয়রানির শিকার হন। তিনি সকলকে রেঞ্জ, ডিআইজির কার্যালয়ের ওয়েবপোর্টাল ভিজিটের অনুরোধ করেন।

**২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে**
**সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে**

# অবহিতকরণ সভা

প্রধান অতিথি : **জনাব জি এস এম জাফরউল্লাহ্** এনডিসি, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), রাজশাহী

সভাপতি : **জনাব মোঃ জিয়াউল হক,** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী

**স্থান : বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ। তারিখ: ২০ মার্চ ২০২২ সময়: সকাল ১১.৩০ টা**

আয়োজনে: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।



সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনায়ন করে। সেবা সংক্রান্ত তথ্য সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধিতে সিটিজেন চার্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি নাগরিক ও সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি (Agreement) যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা আছে। এরই অংশ হিসেবে এ কার্যালয় ও আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে জনসাধারণের মতামত সংগ্রহে ত্রৈমাসিক সভা আয়োজনের পাশাপাশি আওতাধীন দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীরদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।






সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্টদের ধন্যবাদ প্রদান করা হয় এবং ভবিষ্যতে এ ধারা ধরে রাখার আশাবাদ ব্যক্ত করা হয়।

অভিজিত সরকার 29/03/2022
সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
রাজশাহী বিভাগ, রাজশাহী
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

পরিশিষ্ট- 'ক'

# সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভায় সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতি :

সভার স্থান : অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষ
অনুষ্ঠানের তারিখ : ২৩/০৩/২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা

| ক্র: নং | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ **জিয়াউল** হক<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>রাজশাহী বিভাগ, রাজশাহী | ০১৭১২-৮২৫৮০৯ | 23/03/2022 |
| ২। | জনাব মো: **নাছিম** রেজা<br>সহকারী কমিশনার | ০১৭১৭-২৮৩৮২৬ | 23/03/22 |
| ৩। | জনাব **অভিজিত** সরকার<br>সহকারী কমিশনার | ০১৭১১-০১৫৩৮০ | 23/03/2022 |